

স্মারক নং-৩৮.০০১.০০৮.০০.০০১.২০১১-২২০

তারিখঃ ১৮ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ  
০১ জানুয়ারি, ২০১৭ খ্রিষ্টাব্দ

### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: আবুল কাশেম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী হিসেবে কর্মরত আছেন;

যেহেতু, গত ১০/১১/২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানীকালে রাজশাহী শহরের পদ্মা আবাসিক এলাকার মহানন্দা প্রকল্পে আরডিএ প্রদত্ত একটি প্লট তার নামে বরাদ্দ প্রাপ্ত;

যেহেতু, তিনি সচিব মহোদয়ের সম্মুখে সরাসরি মিথ্যাচার করে উক্ত জমি তার বাবার নামে বলে উল্লেখ করেন;

যেহেতু, পরবর্তীতে লিখিত জবাবে তিনি স্বীকার করেছেন বাড়িটি তার নামে;

যেহেতু, তার বাড়ি করার পূর্বে সরকারের কোন অনুমতি নেননি;

যেহেতু, তার উপরিউক্ত কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণ ও দায়িত্ব পালনে অবহেলার শামিল;

সেহেতু, জনাব মো: আবুল কাশেম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১(১) মোতাবেক চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

- ০২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্ত হবেন।  
সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী-এর কার্যালয়ে সংযুক্ত থাকবেন।  
৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ আসিফ-উজ-জামান)

ভারপ্রাপ্ত সচিব

ফোন: ৯৫৭১৮০১

তারিখঃ ১৮ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ  
০১ জানুয়ারি, ২০১৭ খ্রিষ্টাব্দ

স্মারক নং-৩৮.০০১.০০৮.০০.০০১.২০১১-২২০

### অনুলিপি-সদয় অবগতি/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।  
২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)  
৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।  
৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী।  
৬। প্রেসার্মার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।  
৭। জনাব মো: আবুল কাশেম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সাময়িক বরখাস্ত), রাজশাহী।  
৮। অফিস কপি।

JW  
০৭০১১৭  
(নাসরিন জাহান)  
উপ সচিব (প্রশা-১)